

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
আইন শাখা-১

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.৪৬.৯৯.০০৬.১৮-৩৭

তারিখঃ ০২ মাঘ ১৪২৬  
১৬ জানুয়ারি ২০১৯

বিষয়ঃ রিট পিটিশন নং-৭১৪১/২০১৬ মামলায় গত ২৮.০১.১৯ তারিখের রায়ের আলোকে পিটিশনারগণকে এমপিওভুক্তকরণের নিমিত্ত চাহিত তথ্যাদির সঠিকতা ও শুদ্ধতা সম্পর্কে যাচাই-বাছাই করে প্রত্যয়ন এবং মতামতসহ প্রস্তাব প্রেরণ।

সূত্র: (১) কুড়ানিয়ারচর দাখিল মাদ্রাসা, মধুখালী, ফরিদপুর এর সহকারী গ্রন্থাগারিক জনাব খালেদা আকতার এর আবেদন তারিখ: ২৭.১০.২০১৯ খ্রি।  
(২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.৪৬.৯৯.০০৬.১৮-৬৬৬, তারিখ: ১১.১২.২০১৯ খ্রি।  
(৩) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০২.০৬৭.১৯-০২ তারিখ: ০৫.০১.২০১৯

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত আবেদনে জানানো হয় যে, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শ: ১৪/বিবিধ-১-৮/২০১০/৪১৬, তারিখ: ২৫.১০.১১ খ্রি. এর পরিপত্র অনুযায়ী আবেদনকারীগণ সহকারী গ্রন্থাগারিক পদে দেশের বিভিন্ন মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগপ্রাপ্ত হয়ে অদ্যাবধি কর্মরত আছেন।

০২। নিয়োগ পরবর্তীতে এমপিওভুক্তির জন্য মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এবং সচিব, শিক্ষা মন্ত্রণালয় বরারব আবেদন করা হয়। কিন্তু উক্ত আবেদনের আলোকে আবেদনকারীগণকে এমপিওভুক্ত না করার প্রতিকারের লক্ষে সচিব, শিক্ষা মন্ত্রণালয় মহোদয় বরারব উকিল নোটিশ প্রেরণ করা হয়।

০৩। কিন্তু এর পরেও কোন প্রতিকার না পাওয়ায় আবেদনকারীগণ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৭১৪১/১৬ মামলা দায়ের করা হয়। উক্ত রিট মামলায় মহামান্য আদালত কর্তৃক গত ২৮.০১.১৯ তারিখের রায়ে পিটিশনারগণকে এমপিওভুক্তির দাবীতে ৩১.০৫.১৬ তারিখে দাখিলকৃত উকিল নোটিশটি বিধি মোতাবেক নিষ্পত্তি করার জন্য ১ নং রেসপনডেন্ট (সচিব, শিক্ষা মন্ত্রণালয়) এর প্রতি নির্দেশনা দেয়া হয়। মূল রায়ের শেষাংশের নির্দেশনাটি নিম্নরূপ:

Accordingly, Secretary, Ministry of Education (respondent No. 1) is directed to dispose of the petitioners' notice demanding justice dated 31.05.2016 (Annexure-L) within a period of 60 (sixty) days in accordance with law, from the date of receipt of this judgment.

০৪। আবেদনকারীগণ বর্তমানে স্ব-স্ব প্রতিষ্ঠানে বিনা বেতনে কর্মরত থেকে এমপিওভুক্ত না হওয়ায় অত্যন্ত মানবেতর জীবন যাপনের কথা উল্লেখপূর্বক রিট পিটিশন নং-৭১৪১/১৬ মামলায় গত ২৮.০১.১৯ তারিখের রায়ের আলোকে পিটিশনারগণকে এমপিওভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, TMED বরারব আবেদন করা হয়।

০৫। গত ৩১.০৫.১৬ তারিখে দাখিলকৃত উকিল নোটিশে বিজ্ঞ কৌসুলি তাঁর মক্কেলগণকে নিয়োগের তারিখ হতে বকেয়াসহ এমপিওতে নাম অন্তর্ভুক্ত করার কথা উল্লেখ করা হয়।

০৬। রিট পিটিশন নং-৭১৪১/১৬ মামলায় গত ২৮.০১.১৯ তারিখের রায়/আদেশের বিষয়ে পরবর্তী পদক্ষেপ গ্রহণের নিমিত্ত নির্ধারিত তথ্য ছক পূরণ করে মহোদয় কর্তৃক প্রেরিত তথ্য ছকের মতব্য কলামে উল্লেখ রয়েছে “পিটিশনার কর্তৃক দাখিলকৃত তথ্য অনুযায়ী” অর্থাৎ উক্ত তথ্য সঠিক কিনা এ বিষয়ে মহোদয়ের কোন মতামত নেই বিধায় মহোদয় কর্তৃক প্রেরিত তথ্যের ভিত্তিতে কোন কার্যক্রম গ্রহণ করা সম্ভব নয়।

০৭। আলোচ্য বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত মহোদয় কর্তৃক প্রেরিত তথ্যের শুদ্ধতা এবং সঠিকতা বিষয়ে মহোদয়ের সুস্পষ্ট মতামত প্রয়োজন।

০৮। এমতাবস্থায়, সূত্র (৩) মূলে মহোদয় কর্তৃক প্রেরিত ছকে বর্ণিত তথ্যাদির সঠিকতা ও শুদ্ধতা সম্পর্কে যাচাই-বাছাই করে “এমর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, তথ্য ছকের তথ্য শুদ্ধ এবং সঠিক” মর্মে প্রত্যয়ন এবং মতামতসহ প্রস্তাব আগামী ২০.০১.২০২০ তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেদ মিজব) ১৬/০১/২০২০  
সিনিয়র সহকারী সচিব (আইন)  
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার,  
লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি: সদয়-জ্ঞাতার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব/উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। মাস্টার কপি/অফিস কপি।